বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন

১. ভূমিকা

The Bangladesh Industrial Enterprises (Nationalisation) order 1972 (১৯৭২ সালের রাষ্ট্রপতির ২৭নং) আদেশ বলে বাংলাদেশ সুগার মিলস্ করপোরেশন প্রতিষ্ঠিত হয়। পরবর্তীতে ১লা জুলাই ১৯৭৬খ্রি. হতে রাষ্ট্রপতির ২৫ নং আদেশবলে (সংশোধিত) বাংলাদেশ সুগার মিলস্ করপোরেশন এবং বাংলাদেশ ফুড অ্যান্ড এলাইড করপোরেশনকে একীভূত করে বাংলাদেশ সুগার অ্যান্ড ফুড ইন্ডাস্ট্রিজ করপোরেশন (বিএসএফআইসি) প্রতিষ্ঠিত হয়। দি জেনারেল ক্লজ অ্যাক্ট-১৮৯৭ এর ২৮ ধারা (দি জেনারেল ক্লজ অ্যামেন্ডমেন্ট অর্ডার-১৯৭২) অনুযায়ী বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন (বিএসএফআইসি) একটি স্থানীয় কর্তৃপক্ষ। প্রতিষ্ঠালগ্নে এই সংস্থার আওতায় ১৭টি চিনিকল এবং ৫৫টি ফুড এন্ড এ্যালাইড ইন্ডাস্ট্রি অর্থাৎ মোট ৭২টি শিল্প প্রতিষ্ঠান এর নিয়ন্ত্রণাধীন ছিল। পরবর্তীতে ৪টি শিল্প প্রতিষ্ঠান নতুনভাবে স্থাপনের পর মোট প্রতিষ্ঠানের সংখ্যা দাঁড়ায় ৭৬টি। এর মধ্য হতে বিভিন্ন সময়ে সরকারি সিদ্ধান্তে ৫৯টি শিল্প প্রতিষ্ঠান বিরাষ্ট্রীয়করণ করা হয়। এছাড়া ১টি চিনিকলের কারখানা অতি পুরাতন হওয়ায় স্ক্র্যাপ হিসেবে বিক্রয় করা হয়। বিরাষ্ট্রীয়করণকৃত শিল্প প্রতিষ্ঠানসমূহের মধ্যে ৫টি শিল্প প্রতিষ্ঠান চালু থাকলেও অবশিষ্ট প্রতিষ্ঠানগুলো বন্ধ অবস্থায় রয়েছে। বর্তমানে ১৫টি চিনিকল, ১টি ইঞ্জিনিয়ারিং কারখানা এবং ২টি বাণিজ্যিক প্রতিষ্ঠান নিয়ে করপোরেশন এর কর্মকান্ড অব্যাহত আছে।

২. রূপকল্প (Vision)

চিনি উৎপাদন বৃদ্ধি এবং উপজাতভিত্তিক পণ্য উৎপাদনসহ খাদ্যপণ্য বহুমুখীকরণের মাধ্যমে সংস্থাকে আন্তর্জাতিকমানে উন্নীতকরণ।

৩. অভিলক্ষ্য (Mission)

মানসম্মত চিনি উৎপাদন বৃদ্ধি, উপজাতভিত্তিক পণ্যের বহুমুখীকরণ, বাজার সম্প্রসারণ ইত্যাদির মাধ্যমে প্রতিষ্ঠানকে লাভজনক পর্যায়ে উন্নীতকরণ।

৪. প্রধান কার্যাবলি

- লক্ষ্যমাত্রা অনুযায়ী চিনি উৎপাদন;
- দক্ষতার সঙ্গে চিনিকল পরিচালনা করা;
- দক্ষ জনশক্তি গড়ে তোলার লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান;
- অর্থনৈতিক কর্মকান্ডে গতিশীলতা আনয়নের লক্ষ্যে চিনি, চিনিজাত ও উপজাতভিত্তিক পণ্য উৎপাদনের নতুন প্রকল্প বাস্তবায়ন।

৫. কৌশলগত উদ্দেশ্যসমূহ

- উন্নত প্রযুক্তি ব্যবহারপূর্বক উচ্চ ফলনশীল আখচাষ ও চিনিকলে সরবরাহ;
- আখ হতে প্রত্যাশিত হারে চিনি আহরণ;
- প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি ও কারখানার আধুনিকায়ন;
- উৎপাদিত পণ্য বিপণন, বাজার সম্প্রসারণ ও ব্যয় সংকোচনের মাধ্যমে প্রতিষ্ঠানের আর্থিক অবস্থা সুসংহতকরণ;
- দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ;
- কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি;
- আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন।

৬. বিগত তিন বছরের অর্জনসমূহ

- আখচাষিদের মধ্যে পুর্জি বিতরণ, ভর্তুকির টাকা ও আখের মূল্য পরিশোধের নিমিত্ত যথাক্রমে ই - গেজেট, ই - পুর্জি ও মোবাইল ব্যাংকিং ১৫টি সুগার মিলে একইসঙ্গে সফলভাবে চালু করা হয়েছে।
- চিনির বাজারমূল্য স্থিতিশীল রাখাসহ ভোক্তাসাধারণের মধ্যে আখের চিনি পৌঁছে দেয়ার লক্ষ্যে ১ ও ২ কেজির প্যাকেটজাত চিনি বাজারজাত করা হয়েছে।

- চিনিকলের অব্যবহৃত জমিসমূহকে চাষ উপযোগী করে ফলের চাষাবাদ করা হচ্ছে। এ ছাড়াও বিএসএফআইসি'র নিয়ন্ত্রণাধীন মিলসমূহকে কেন্দ্রিয়ভাবে সিসি ক্যামেরা মনিটরিং সিস্টেমের আওতায় আনার কাজ সম্পন্ন হয়েছে। বিএসএফআইসি'র কর্মকর্তাদের ব্যক্তিগত কর্মপরিকল্পনা (আইএপি) প্রণয়ন করা হয়েছে। আইএপি প্রণয়নের ফলে গত বছরের চেয়ে চিনি আহরণ হার ০.১০ বৃদ্ধি পেয়েছে।

৭. সংস্থার Key Performance Indicators (KPI)

কার্যক্রম	ফলাফল নির্দেশক	সংশিষ্ট কৌশলগত উদ্দেশ্য এর ক্রমিক	পরিমাপের একক	সংশোধিত লক্ষ্যমাত্রা	প্রকৃত অর্জন	লক্ষ্যমাত্রা	সংশোধিত লক্ষ্যমাত্রা	লক্ষ্যমাত্রা
				২০১৮-১৯		২০১৯-২০		২০২০-২১
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯
চিনি উৎপাদন অব্যাহত রাখা	ইক্ষু উৎপাদন	২	লক্ষ মে. টন	২১.৬৮	২১.৫১	২২.৫৪	২১.৮৮	২৫.৬৪
	মিলে ইক্ষু সরবরাহ (মাড়াই)		লক্ষ মে. টন	১১.৮২	১১.৮২	১৪.৩৮	১৪.০০	১৫.৩৮
	চিনি উৎপাদন		হাজার মে. টন	৬৮.৯৫২	৬৮.৯৫২	১০০.৬৬০	৮২.০১৯	১০০.০০

৮. সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ

- প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি, উচ্চ চিনিযুক্ত, পোকা ও রোগবালাই প্রতিরোধক্ষম আখের জাত আবাদ, চিনি আহরণের হার বৃদ্ধিসহ আখের ক্রয়মূল্যের ওপর সরকারি সহায়তা (প্রাইস গ্যাপ) সমন্বয়পূর্বক বিএসএফআইসি'কে লাভজনক প্রতিষ্ঠানে রুপান্তর।
- চিনিকলসমূহের আধুনিকায়নের মাধ্যমে চিনি আহরণ হার বৃদ্ধি। দীর্ঘদিনের পুরাতন জরাজীর্ণ চিনিকলগুলিকে আধুনিকায়ন/যন্ত্রপাতি প্রতিস্থাপনের মাধ্যমে চিনি উৎপাদন বৃদ্ধি ও পণ্য বহুমুখীকরণার্থে উপজাতভিত্তিক শিল্প স্থাপন ও ব্যয় সংকোচনের মাধ্যমে আর্থিক অবস্থা সুসংহতকরণ।

৯. ভবিষ্যৎ পরিকল্পনা

- চিনির গুণগতমান উন্নয়নের লক্ষ্যে "৬টি চিনিকলে পুরাতন সেন্ট্রিফিউগাল মেশিন, জুস ক্লারিফায়ার ও রোটারি ভ্যাকুয়াম ফিল্টার প্রতিস্থাপন" শীর্ষক প্রকল্প গ্রহণ;
- সংস্থার আয় বৃদ্ধির লক্ষ্যে "রাজশাহী চিনিকলে ফল প্রক্রিয়াজাতকরণ ও পাল্প প্লান্ট স্থাপন এবং বোতলজাতকরণ" শীর্ষক প্রকল্প গ্রহণ;
- সংস্থার আয় বৃদ্ধির লক্ষ্যে "কেরু অ্যান্ড কোং(বিডি) লি. এ অণুজীব ল্যাবরেটরি আধুনিকীকরণ" শীর্ষক প্রকল্প গ্রহণ;
- চিনিকলের বিভিন্ন রাস্তা সংলগ্ন জমি যেখানে আখ চাষ সম্ভব হয় না তা সুষ্ঠু সংরক্ষণ ও সংস্থার আয় বৃদ্ধির লক্ষ্যে "বিভিন্ন চিনিকলে বাণিজ্যিক ভবন নির্মাণ" প্রকল্পের সম্ভাব্যতা যাচাই ও ডিপিপি প্রণয়ন;
- সংস্থার আয় বৃদ্ধির লক্ষ্যে "শ্যামপুর সুগার মিলস্ লি.-এ আখের রস উৎপাদন এবং বোতলজাতকরণ প্লান্ট স্থাপন" শীর্ষক প্রকল্পের সম্ভাব্যতা যাচাই ও ডিপিপি প্রণয়ন;
- "বিএসএফআইসি'র জনবলের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ প্রদান" শীর্ষক প্রকল্পের ডিপিপি প্রণয়ন;
- সংস্থার সার্বিক কর্মকান্ডে আরও গতিশীলতা আনয়নের লক্ষ্যে "এন্টারপ্রাইস রিসোর্স প্ল্যানিং (ERP)" বাস্তবায়ন;
- ১২৭১৮০ একর জমিতে আখআবাদ ;
- ১২৭১৮০ একর জমিতে আবাদকৃত আখ হতে ১৫.৩৮ লক্ষ মে. টন আখ কারখানায় সরবরাহের মাধ্যমে ১.০০ লক্ষ মে. টন চিনি উৎপাদন;
- চিনিকলের উপজাত মোলাসেস ব্যবহার করে বিভিন্ন মানের ৬০ লক্ষ প্রুফ লিটার ডিস্টিলারি পণ্য উৎপাদন।

- "বিএমআর অব কেরু অ্যান্ড কোং (বিডি) লি. (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের ৫০% কাজ বাস্তবায়ন
- "ঠাকুরগাঁও চিনিকলে পুরাতন যন্ত্রপাতি প্রতিস্থাপন ও বিট সুগার থেকে চিনি উৎপাদনের প্রয়োজনীয় যন্ত্রপাতি সংযোজন (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের ২য় সংশোধিত ডিপিপি প্রেরণ ও প্রকল্পের ২৪% কাজ বাস্তবায়ন
- "নর্থবেঙ্গল চিনিকলে কো-জেনারেশন পদ্ধতিতে বিদ্যুৎ উৎপাদন এবং সুগার রিফাইনারি স্থাপন (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের ২য় সংশোধিত ডিপিপি প্রেরণ ও প্রকল্পের ২৩% কাজ বাস্তবায়ন
- "১৪টি চিনিকলে বর্জ্য পরিশোধনাগার স্থাপন" শীর্ষক প্রকল্পের ১০০% কাজ বাস্তবায়ন।

১০. ক. বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন এর ২০২০-২১ অর্থবছরের প্রাক্কলিত, ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত ও অনুমোদিত এবং ২০১৮-১৯ অর্থবছরের মোট পরিচালন রাজস্ব, মোট পরিচালন ব্যয়, ব্যয় উদ্বৃত্ত আয়/(ঘাটতি) নিম্নরূপ:

প্রধান কার্যালয় (লক্ষ টাকায়)

ক্রমিক নম্বর	বিবরণ	বাজেট ২০২০-২১	সংশোধিত বাজেট ২০১৯-২০	অনুমোদিত বাজেট ২০১৯-২০	সাময়িক ২০১৮-১৯
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
১.	মোট পরিচালন রাজস্ব	৩৫৭৮.১৬	৩৪০৬.০৯	৩২৯৩.৪২	৩১২১.৮৪
২.	মোট পরিচালন ব্যয়	৩৫৭৮.১৬	৩৪০৬.০৯	৩২৯৩.৪২	৩১২১.৮৪
৩.	ব্যয় উদ্বৃত্ত আয়/ (ঘাটতি)	০.০০	০.০০	০.০০	০.০০

১০. খ. বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন এর ইউনিটসমূহের ২০২০-২১ অর্থবছরের প্রাক্কলিত, ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত ও অনুমোদিত এবং ২০১৮-১৯ অর্থবছরের মোট আয়, মোট ব্যয়, নীট মুনাফা/(ঘাটতি)নিম্নরূপ:

ইউনিটসমূহ

ক্রমিক নম্বর	বিবরণ	বাজেট ২০২০-২১	সংশোধিত বাজেট ২০১৯-২০	অনুমোদিত বাজেট ২০১৯-২০	সাময়িক ২০১৮-১৯
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
১.	মোট আয়	৮৬৬৫৫.৮০	৮২৫১৫.১৪	৮৪০৪৭.২৯	৫০৭৩৭.৮৬
২.	মোট ব্যয়	১৯১১৮৫.২১	১৮৮৬৮২.২৯	১৭৯০৩০.৩৩	১৫৭৩২১.২২
৩.	নীট মুনাফা/ (ঘাটতি)	-১০৪৫২৯.৪১	-১০৬১৬৭.১৫	-৯৪৯৮৩.০৪	-১০৬৫৮৩.৩৬

১১. প্রধান কার্যালয়ের বাজেট পর্যালোচনা

ক. প্রাক্কলিত আয় ও ব্যয়

কর্পোরেশনের প্রধান কার্যালয়ের ব্যয়সমূহ প্রধানত এর নিয়ন্ত্রণাধীন ইউনিট হতে লেভি আদায়ের মাধ্যমে মিটানো হয়। ২০১৮-১৯ অর্থবছরে লেভির পরিমাণ ছিল ২৫.৯০ কোটি টাকা। ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত বাজেটে এ লেভির পরিমাণ ২৬.৫৪ কোটি টাকা ধার্য করা হয়েছে। ২০২০-২১ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে লেভির পরিমাণ ২৬.৪৬ কোটি টাকা হবে বলে আশা করা যাচ্ছে। লেভি ব্যতীত প্রধান কার্যালয়ের প্রাপ্য ভাড়া, সুদ ও অন্যান্য আয় রয়েছে। ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত বাজেট ও ২০২০-২১ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে মোট আয়ের পরিমাণ দাঁড়াবে যথাক্রমে ৩৪.০৬ কোটি ও ৩৫.৭৮ কোটি টাকা। ২০১৮-১৯ অর্থবছরে মোট আয়ের পরিমাণ ছিল ৩১.২২ কোটি টাকা। ব্যয়ের মধ্যে কর্মকর্তা ও কর্মচারীদের বেতন ও ভাতাদি ব্যয়ই প্রধান। তাছাড়া অন্যান্য ব্যয়ের মধ্যে রয়েছে মেরামত ও রক্ষণাবেক্ষণ, অবচয়, সমাজ কল্যাণ, তৈল ও গ্যাস, পরিশোধিতব্য সুদ ও অন্যান্য ব্যয়। ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত বাজেট ও ২০২০-২১ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে আয়ের সমপরিমাণ ব্যয় হবে বিধায় কোন উদ্বৃত্ত তহবিল থাকবে না।

খ. তহবিল প্রবাহ

প্রারম্ভিক নগদ তহবিলের স্থিতি, অবচয়, ব্যাংক ওভারড্রাফট বৃদ্ধি, পাওনাদারসহ চলতি দায় বৃদ্ধি ও অন্যান্য পাওনা সহ ২০১৮-১৯ অর্থবছরে ৬৮৪.৪২ কোটি টাকার তহবিলের যোগান হয়। এর বিপরীতে পরিচালন স্থায়ী সম্পদে বিনিয়োগ, মজুদসহ অন্যান্য চলতি সম্পদ বৃদ্ধি, সমাপনী নগদ ও ব্যাংক স্থিতি ইত্যাদি বাবদ মোট ৭০০.৩৪ কোটি টাকার তহবিল প্রয়োগের ফলে উক্ত অর্থবছরে ঘাটতি তহবিলের পরিমাণ দাঁড়ায় ১৫.৯২ কোটি টাকা। ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত বাজেটে ২৩.৬৬ কোটি টাকা তহবিল সংগ্রহের বিপরীতে ৩৪.৩৮ কোটি টাকার তহবিল প্রয়োগের ফলে ঘাটতি তহবিলের পরিমাণ দাঁড়াবে ১০.৭৩ কোটি টাকা। অপরদিকে ২০২০-২১ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে তহবিলের উৎসের পরিমাণ দাঁড়াবে ২৩.৪৬ কোটি টাকা যার বিপরীতে ৭০.৩৬ কোটি টাকা তহবিল প্রয়োগের পর ঘাটতি তহবিলের পরিমাণ দাঁড়াবে ৪৬.৯০ কোটি টাকা।

গ. মূলধন কাঠামো

৩০শে জুন ২০১৯ তারিখে কর্পোরেশনের প্রধান কার্যালয়ের মোট সম্পদের পরিমাণ ছিল ৪২০৫.৭২ কোটি টাকা। এ সম্পদের ৯৮% ঋণ এবং ২% মূলধন দ্বারা যোগান হয়েছে। ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত বাজেট ও ২০২০-২১ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে মোট সম্পদের পরিমাণ দাঁড়াবে যথাক্রমে ৪২১৬.৪৫ কোটি ও ৪২৬৩.৩৫ কোটি টাকা। ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত বাজেট ও ২০২০-২১ অর্থবছরের প্রাক্কলন অনুযায়ী উভয় বছরে ঋণ ও মূলধন অনুপাত দাঁড়াবে ৯৮: ২।

ঘ. জনবল

২০১৮-১৯ অর্থবছরে প্রধান কার্যালয়ে মোট জনবল ছিল ২৫৭ জন। ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত বাজেট ও ২০২০-২১ অর্থবছরের প্রাক্কলিত উভয় বাজেটে জনবলের সংখ্যা ২৫৭ জন হবে বলে ধারণা করা হয়েছে। ২০১৮-১৯ অর্থবছরে কর্মীপ্রতি গড় বেতন ও ভাতাদির পরিমাণ ছিল ৯,৯৯,৩৫৪.০০ টাকা। ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত বাজেটে গড় বেতন ও ভাতাদির পরিমাণ ১০,৬৭,৯৩০.০০ টাকা এবং ২০২০-২১ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে কর্মীপ্রতি গড় বেতন ও ভাতাদির পরিমাণ হবে ১১,২০,৩০৪.০০ টাকা।

১২. ইউনিট সমূহের বাজেট পর্যালোচনা

এ সংস্থার উৎপাদিত প্রধান দ্রব্যাদি হচ্ছে চিনি, মদ, স্পিরিট, ঔষধ ও ইঞ্জিনিয়ারিং দ্রব্যাদি। এ সমস্ত দ্রব্যাদির বাজেট নিম্নে পৃথকভাবে বিশ্লেষণ করা হলো।

ক. চিনিকল সমূহ

২০১৮-১৯ অর্থবছরের দেশের ১৫টি চিনিকলে উৎপাদিত চিনির পরিমাণ ০.৬৯ লক্ষ মেট্রিক টন। ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত বাজেট ও ২০২০-২১ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে চিনি উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে যথাক্রমে ০.৮২ লক্ষ ও ১.০০ লক্ষ মে. টন। ২০১৮-১৯ অর্থবছরে আখের একর প্রতি ফলন ছিল ১৮.০৪ মে. টন। ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত বাজেট ও ২০২০-২১ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে একর প্রতি আখ উৎপাদনের পরিমাণ যথাক্রমে ১৮.৬৪ মে. টন ও ২০.০৫ মে. টন হবে বলে আশা করা যাচ্ছে। ২০১৮-১৯ অর্থবছরে সংস্থার চিনি আহরণের হার ছিল ৫.৮৩% যা ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত বাজেটে ৫.৮৮% ও ২০২০-২১ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে ৬.৫০% হবে বলে হিসাব করা হয়েছে।

২০১৮-১৯ অর্থবছরে সংস্থার চিনিকলসমূহে ৬৬৭.৫৮ কোটি টাকার পরিচালন লোকসান হয়। ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত বাজেট ও ২০২০-২১ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে এ লোকসানের পরিমাণ যথাক্রমে ৫৯২.০৫ কোটি ও ৫৮২.২১ কোটি টাকা হবে বলে অনুমান করা যাচ্ছে। সংস্থার ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত বাজেটে নীট লোকসান ১০৯৪.৫৫ কোটি এবং ২০২০-২১ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে নীট লোকসানের পরিমাণ কিছুটা হ্রাস পেয়ে ১০৮৪.২৭ কোটি টাকা হবে বলে প্রাক্কলন করা হয়েছে। ২০১৮-১৯ অর্থবছরে নীট লোকসানের পরিমাণ ছিল ১০৮৮.৬৭ টাকা।

খ. স্পিরিট ও মদ

২০১৯-২০ অর্থবছরের সংশোধিত বাজেট ও ২০২০-২১ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে স্পিরিট ও মদ বিক্রয়ের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে যথাক্রমে ৫৫.০০ লক্ষ ও ৬০.০০ লক্ষ লিটার। ২০১৮-১৯ অর্থবছরে বিক্রয়ের পরিমাণ ছিল ৪৭.৭৩ লক্ষ লিটার। ২০১৮-১৯ অর্থবছরে মোট বিক্রয় রাজস্বের পরিমাণ ছিল ১৬৪.৭৫ কোটি টাকা। ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত বাজেট ও ২০২০-২১ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে বিক্রয় রাজস্বের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে যথাক্রমে ১৯৪.৬০ কোটি ও ২০৮.০২ কোটি টাকা। এর বিপরীতে বিক্রয় ব্যয় হবে যথাক্রমে ৮৪.৮৫ কোটি ও ৯২.৩৭ কোটি টাকা। ফলে ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত বাজেট ও ২০২০-২১ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে পরিচালন মুনাফা হিসাব করা হয়েছে যথাক্রমে ১০৯.৭৫ কোটি ও ১১৫.৬৫ কোটি টাকা। ২০১৮-১৯ অর্থবছরে অর্জিত পরিচালন মুনাফার পরিমাণ ছিল ৮৬.২৮ কোটি টাকা।

গ. অন্যান্য পণ্য সামগ্রী

অন্যান্য পণ্যের মধ্যে ইঞ্জিনিয়ারিং দ্রব্যাদি ও ঔষধপত্রই প্রধান। ২০১৮-১৯ অর্থবছরে এ সকল পণ্য বিক্রয় বাবদ রাজস্ব আয়ের পরিমাণ ছিল ১৪.০৭ কোটি টাকা। সংস্থার বিক্রয় রাজস্ব ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত বাজেট ও ২০২০-২১ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে নির্ধারণ করা হয়েছে যথাক্রমে ২০.৯৮ কোটি ও ২৩.২৮ কোটি টাকা। ২০১৮-১৯ অর্থবছরে পরিচালন মুনাফার পরিমাণ ছিল ০.৯৯ কোটি টাকা। ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২০-২১ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে পরিচালন মুনাফার পরিমাণ যথাক্রমে ১.১০ কোটি ও ১.২২ কোটি টাকা হবে বলে আশা করা যাচ্ছে।

ঘ. মুনাফা ও তহবিল প্রবাহ

২০১৮-১৯ অর্থবছরে সংস্থার সকল ইউনিটে ৬৪২.৬৩ কোটি টাকার পরিচালন লোকসান হয়। ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত বাজেট ও ২০২০-২১ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার পরিচালন লোকসান যথাক্রমে ৫৫৫.৫৪ কোটি ও ৫৩৯.৬৮ কোটি টাকা হবে বলে প্রাক্কলন করা হয়েছে। ২০১৮-১৯ অর্থবছরে সংস্থার নীট লোকসানের পরিমাণ ছিল ১০৬৫.৮৩ কোটি টাকা। ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত বাজেট ও ২০২০-২১ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে সংস্থার নীট লোকসানের পরিমাণ যথাক্রমে ১০৬১.৬৭ কোটি ও ১০৪৫.২৯ কোটি টাকা হবে বলে ধারণা করা যাচ্ছে। ২০১৮-১৯ অর্থবছরে ঘাটতি তহবিলের পরিমাণ ছিল ১০৭০.১১ কোটি টাকা। ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত বাজেটে তহবিল ঘাটতির পরিমাণ দাঁড়াবে ৮৫৭.৩৬ কোটি টাকা। ২০২০-২১ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে তহবিল ঘাটতির পরিমাণ বৃদ্ধি পেয়ে ১৬৫১.৭৬ কোটি টাকা হবে বলে হিসাব করা হয়েছে।

ঙ. মূল্যসংযোগ ও উৎপাদনশীলতা

ক্রমিক নম্বর	বিবরণ	একক	বাজেট ২০২০-২১	সংশোধিত বাজেট ২০১৯-২০	সাময়িক ২০১৮-১৯
১.	পরিচালন মুনাফা/(লোকসান)	লক্ষ টাকা	-৫৩৯৬৮.৪১	-৫৫৫৫৪.২৪	-৬৪২৬২.৫২
২.	অবচয়	”	২১৮৪.০০	২১২৯.০০	১৮৫১.৫২
৩.	বেতন, মজুরি ও ভাতাদি	”	৪৩৮১৪.৩২	৪১৪৭৫.৩০	৩৯৪১৮.৮৩
৪.	**মোট মূল্যসংযোগ (১+২+৩)**	**লক্ষ টাকা**	**-৭৯৭০.০৯**	**-১১৯৪৯.৯৪**	**-২২৯৯২.১৭**
৫.	কর্মচারী সংখ্যা	জন	১৩৪৫৯	১৩২৬১	১৩৩৩৬
৬.	**কর্মী প্রতি মূল্যসংযোগ**	**টাকা**	**-৫৯২১৭.৫৫**	**-৯০১১৩.৪২**	**-১৭২৪০৬.৭৯**

২০২০-২১ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে পরিচালন লোকসান হ্রাস এবং অবচয়, বেতন, মজুরি ও ভাতাদির সমন্বয়ের পরিপ্রেক্ষিতে ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত বাজেটের তুলনায় মোট মূল্যসংযোগ বৃদ্ধি পাবে।

চ. বিনিয়োগ ও সঞ্চয়

ক্রমিক নম্বর	বিবরণ	একক	বাজেট ২০২০-২১	সংশোধিত বাজেট ২০১৯-২০	সাময়িক ২০১৮-১৯
১.	বিনিয়োগ	লক্ষ টাকা	৬২৮৩০.৪৪	৬৬৯৮.১৬	২২৭৯.২৭
২.	রক্ষিত আয়	”	-১০৪৫২৯.৪১	-১০৬১৬৭.১৫	-১০৬৫৮৩.৩৬
৩.	অবচয়	”	২১৮৪.০০	২১২৯.০০	১৮৫১.৫২
৪.	**মোট সঞ্চয় (২+৩)**	**লক্ষ টাকা**	**-১০২৩৪৫.৪১**	**-১০৪০৩৮.১৫**	**-১০৪৭৩১.৮৪**

সংস্থার মোট সঞ্চয় ২০১৮-১৯ অর্থবছরের তুলনায় ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত ও ২০২০-২১ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে হ্রাস পাবে বলে প্রাক্কলন করা হয়েছে।

ছ. মূলধন কাঠামো

৩০শে জুন ২০১৯ তারিখের হিসাব অনুযায়ী কর্পোরেশনের মোট সম্পদ ছিল ১৩১৭.৪০ কোটি টাকা। এ সম্পদের ৬০৬% ঋণ এবং (৫০৬%) মূলধন দ্বারা যোগান হয়েছে। ৩০শে জুন ২০২০ ও ৩০ শে জুন ২০২১ তারিখে মোট সম্পদের পরিমাণ দাঁড়াবে যথাক্রমে ১৪৭৫.০৫ কোটি ও ২২০৪.৬৮ কোটি টাকা। ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত বাজেট ও ২০২০-২১ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে ঋণ ও মূলধন অনুপাত হবে যথাক্রমে ৬২৪: (৫২৪) ও ৪৯৮: (৩৯৮)।

জ. রাষ্ট্রীয় কোষাগারে দেয়

কর্পোরেশন লভ্যাংশ ব্যতীত বিক্রয়ের উপর আবগারি শুল্ক/ভ্যাট, আয়কর, সড়ক নির্মাণ কর, লাইসেন্স ফিসহ বিভিন্ন খাতে রাষ্ট্রীয় কোষাগারে ২০১৮-১৯ অর্থবছরে মোট ৯২.১০ কোটি টাকা প্রদান করে। ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত বাজেটে এ খাতে মোট ১২১.৫৪ কোটি টাকা প্রদান করবে বলে আশা করা যাচ্ছে। ২০২০-২১ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে রাষ্ট্রীয় কোষাগারে মোট প্রদেয় টাকার পরিমাণ নির্ধারণ করা হয়েছে ১৩৪.৭৭ কোটি টাকা।

ঝ. জনবল

২০১৮-১৯ অর্থবছরে ইউনিটসমূহের মোট জনবল ছিল ১৩,৩৩৬ জন। ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত বাজেট এবং ২০২০-২১ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে প্রত্যাশিত জনবলের সংখ্যা যথাক্রমে ১৩,২৬১ জন ও ১৩,৪৫৯ জনে দাঁড়াবে বলে হিসেব করা হয়েছে। ২০১৮-১৯ অর্থবছরে কর্পোরশনে কর্মীপ্রতি গড় বেতন ও ভাতাদির পরিমাণ ছিল ২,৯৫,৫৮২.০০ টাকা। ২০১৯-২০ অর্থবছরের সংশোধিত বাজেটে কর্মীপ্রতি গড় বেতন ও ভাতাদি ৩,১২,৭৬১.০০ টাকা হবে বলে হিসাব করা হয়েছে। ২০২০-২১ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে কর্মীপ্রতি এ ব্যয় ৩,২৫,৫৩৯.০০ টাকা হবে বলে প্রাক্কলন করা হয়েছে।

প্রতিটি খাতে ব্যয়ের ক্ষেত্রে আর্থিক বিধি - বিধান অনুসরণ করতে হবে ।

বাংলাদেশ চিনি ও খাদ্যশিল্প কর্পোরেশন

প্রধান কার্যালয়

প্রাক্কলিত আয় ও ব্যয় ২০২০-২১

(লাখ টাকায়)

বিবরণ	বাজেট ২০২০-২১	সংশোধিত বাজেট ২০১৯-২০	অনুমোদিত বাজেট ২০১৯-২০	সাময়িক ২০১৮-১৯
আয়				
১ . ইউনিটসমূহ হতে লেভি সংগ্রহ	২৬৪৫.৮৬	২৬৫৪.২৩	২৬৮৭.৭৫	২৫৮৯.৫৭
২ . সরকারি অনুদান	০.০০	০.০০	০.০০	০.০০
৩ . বৈদেশিক অনুদান	০.০০	০.০০	০.০০	০.০০
৪ . লাইসেন্স ফি, কর ইত্যাদি	০.০০	০.০০	০.০০	০.০০
৫ . রেজিস্ট্রেশন ও বার্ষিক ফি	০.০০	০.০০	০.০০	০.০০
৬ . সেবার জন্য প্রাপ্য ফি	০.০০	০.০০	০.০০	০.০০
৭ . প্রকাশনা বিক্রয়	০.০০	০.০০	০.০০	০.০০
৮ . ব্যবসায়িক মুনাফা	০.০০	০.০০	০.০০	০.০০
৯ . প্রাপ্য সুদ	২৩.০০	৩৯.৯১	২৮.০০	৮৪.২৬
১০ . প্রাপ্য ভাড়া	৮৭১.৩০	৬৭৩.৯৫	৫৪৪.৬৭	৪৩৫.২৮
১১ . অন্যান্য	৩৮.০০	৩৮.০০	৩৩.০০	১২.৭৩
১২ . মোট আয়	৩৫৭৮.১৬	৩৪০৬.০৯	৩২৯৩.৪২	৩১২১.৮৪
ব্যয়				
১৩ . বেতন ও ভাতাদি	২৪২০.২৭	২৩০৮.০৪	২২০৯.৪৫	২১৯০.৭৯
১৪ . কর্মচারীদের ভবিষ্য তহবিল/পেনশন ফান্ড	৪৫৮.৯১	৪৩৬.৫৪	৪১৪.১৩	৩৭৭.৫৫
১৫ . মেরামত ও রক্ষণাবেক্ষণ	৯১.৮০	৮৫.৮৭	৮৬.০৬	৮১.৫৮
১৬ . অবচয়	৮৯.২৪	১০৯.০৪	১০৮.৮৮	৫৯.৭৬
১৭ . প্রশিক্ষণ	৪০.০০	৩০.০০	২০.০০	১১.০৫
১৮ . সিএনজি, পেট্রল, অকটেন , লুব্রিকেন্ট ও অন্যান্য	৫০.০০	৪২.০০	৪৫.০০	৪২.৬৬
১৯ . সমাজ কল্যাণ ব্যয়	৫.৯০	৫.৯০	৫.৭০	৫.৩০
২০ . উপদেষ্টা নিয়োগের জন্য ব্যয়	০.০০	০.০০	০.০০	০.০০
২১ . ভর্তুকি	০.০০	০.০০	০.০০	০.০০
২২ . পরিশোধিতব্য সুদ	১৩.১৫	১২.১৫	১২.১৫	১৮.০১
২৩ . অন্যান্য	৪০৮.৮৯	৩৭৬.৫৫	৩৯২.০৫	৩৩৫.১৪
২৪ . মোট ব্যয়	৩৫৭৮.১৬	৩৪০৬.০৯	৩২৯৩.৪২	৩১২১.৮৪
২৫ . মাথাপিছু ব্যয় (সুদ ব্যতীত) (টাকা)	১৩৮৭১৬৩.৪২	১৩২০৫৯৯.২২	১২৭৬৭৫৮.৭৫	১২০৭৭১৫.৯৫
২৬ . হেড অফিস ও ইউনিটের ব্যয় হার	২.৭৩	২.৫৮	২.৭১	২.৯২
২৭ . ব্যয় উদ্বৃত্ত আয়/(ঘাটতি)	০.০০	০.০০	০.০০	০.০০

বাংলাদেশ চিনি ও খাদ্যশিল্প কর্পোরেশন

প্রধান কার্যালয়

প্রাক্কলিত মুনাফা ও তহবিল প্রবাহ ২০২০-২১ **(লাখ টাকায়)**

বিবরণ	বাজেট ২০২০-২১	সংশোধিত বাজেট ২০১৯-২০	অনুমোদিত বাজেট ২০১৯-২০	সাময়িক ২০১৮-১৯
তহবিলের উৎস				
১ . প্রারম্ভিক নগদ ও ব্যাংক স্থিতি	২,২৫৬.৬২	২,২৫৬.৬২	৬০৪.০৬	৬০৪.০৬
২ . ব্যয় উদ্বৃত্ত আয়	০.০০	০.০০	০.০০	০.০০
৩ . অবচয়	৮৯.২৪	১০৯.০৪	১০৮.৮৮	৫৯.৭৬
৪ . অন্যান্য (নগদ ব্যতীত)	০.০০	০.০০	০.০০	০.০০
৫ . প্রাপ্য নতুন মূলধন	০.০০	০.০০	০.০০	০.০০
৬ . প্রাপ্য ঋণ	০.০০	০.০০	০.০০	০.০০
৭ . স্থায়ী পরিচালন সম্পত্তি বিক্রয়	০.০০	০.০০	০.০০	০.০০
৮ . অন্যান্য স্থায়ী সম্পত্তি বিক্রয়	০.০০	০.০০	০.০০	০.০০
৯ . ব্যাংক ওভারড্রাফট বৃদ্ধি	০.০০	০.০০	০.০০	৫৫,০৬৩.৩৩
১০ . পাওনাদারসহ অন্যান্য চলতি দায় বৃদ্ধি	০.০০	০.০০	০.০০	৬,৪৩৩.৩৪
১১ . অন্যান্য	০.০০	০.০০	০.০০	৬,২৮১.৮২
১২ . মোট তহবিল সংগ্রহ	২,৩৪৫.৮৬	২,৩৬৫.৬৬	৭১২.৯৪	৬৮,৪৪২.৩১
তহবিলের প্রয়োগ				
১৩ . আয়কর	০.০০	০.০০	০.০০	০.০০
১৪ . পূর্ববর্তী বৎসরের সমন্বয়	০.০০	০.০০	০.০০	০.০০
১৫ . সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ	০.০০	০.০০	০.০০	০.০০
১৬ . স্থায়ী পরিচালন সম্পত্তিতে বিনিয়োগ	৪,৭৬৯.৬০	১,১৮১.৮২	৩,২১৬.৪০	৬৩.০৬
১৭ . অন্যান্য স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ	০.০০	০.০০	০.০০	০.০০
১৮ . দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ	০.০০	০.০০	০.০০	০.০০
১৯ . মজুদসহ অন্যান্য চলতি সম্পদ বৃদ্ধি	০.০০	০.০০	০.০০	৬৭,৭১৪.৭১
২০ . সমাপনী নগদ ও ব্যাংক স্থিতি	২,২৫৬.৬২	২,২৫৬.৬২	৬০৪.০৬	২,২৫৬.৬২
২১ . অন্যান্য	১০.০০	০.০০	১০.০০	০.০০
২২ . মোট তহবিল প্রয়োগ	৭,০৩৬.২২	৩,৪৩৮.৪৪	৩,৮৩০.৪৬	৭০,০৩৪.৩৯
২৩ . নীট তহবিল বৃদ্ধি/(ঘাটতি)	−৪,৬৯০.৩৬	−১,০৭২.৭৮	−৩,১১৭.৫২	−১,৫৯২.০৮

বাংলাদেশ চিনি ও খাদ্যশিল্প কর্পোরেশন

প্রধান কার্যালয়

প্রাক্কলিত স্থিতিপত্র জুন **২০২১** **(লাখ টাকায়)**

বিবরণ	বাজেট ৩০ জুন ২০২১	সংশোধিত ৩০ জুন ২০২০	সাময়িক ৩০ জুন ২০১৯
মূলধন ও দায়			
১. মূলধন	৭৮২৬.২৮	৭৮২৬.২৮	৭৮২৬.২৮
২. সংরক্ষিত তহবিল	১৮০২.৬৭	১৮০২.৬৭	১৮০২.৬৭
৩. ইক্যুইটি	৯৬২৮.৯৫	৯৬২৮.৯৫	৯৬২৮.৯৫
৪. দীর্ঘমেয়াদি দায়	৫৭৭৪০.৪৯	৫৭৭৪০.৪৯	৫৭৭৪০.৪৯
৫. চলতি দায়	৩৫৮৯৬৫.৭৪	৩৫৪২৭৫.৩৮	৩৫৩২০২.৬০
৬. মোট দায়	৪১৬৭০৬.২৩	৪১২০১৫.৮৭	৪১০৯৪৩.০৯
৭. মোট তহবিল	৪২৬৩৩৫.১৮	৪২১৬৪৪.৮২	৪২০৫৭২.০৪
মূলধন কাঠামো ও লিকুইডিটি অনুপাত			
৮. ঋণ মূলধন অনুপাত	৯৮ : ২	৯৮ : ২	৯৮:২
৯. চলতি অনুপাত	১.০৯ : ১	১.১০ : ১	১.১০ : ১
১০. তবরিত সম্পদ অনুপাত	১.২০ : ১	১.২১ : ১	১.১০ : ১
সম্পত্তিসমূহ			
১১. ব্যবসা পরিচালনার স্থাবর সম্পত্তি	৮৭৮৪.১৯	৪০১৪.৫৯	২৮৩২.৭৭
১২. বাদ : ক্রমপুঞ্জিত অবচয়	১৯৮.২৮	১০৯.০৪	০.০০
১৩. নীট স্থাবর সম্পত্তি	৮৫৮৫.৯১	৩৯০৫.৫৫	২৮৩২.৭৭
১৪. অন্যান্য স্থাবর সম্পত্তি	২৮১৫৩.০০	২৮১৫৩.০০	২৮১৫৩.০০
১৫. চলতি সম্পদ	৩৮৯৫৯৬.২৭	৩৮৯৫৮৬.২৭	৩৮৯৫৮৬.২৭
১৬. মোট সম্পদ	৪২৬৩৩৫.১৮	৪২১৬৪৪.৮২	৪২০৫৭২.০৪

বাংলাদেশ চিনি ও খাদ্যশিল্প কর্পোরেশন

প্রধান কার্যালয়

কর্মীর বিবরণ

কর্মীর শ্রেণি	কর্মীর সংখ্যা											
	বাজেট ২০২০-২১			সংশোধিত বাজেট ২০১৯-২০			সাময়িক ২০১৮-১৯		বাজেট ২০২০-২১			
	অনুমোদিত পদ	বর্তমান সংখ্যা	প্রত্যাশিত সংখ্যা	অনুমোদিত পদ	বর্তমান সংখ্যা	প্রত্যাশিত সংখ্যা	অনুমোদিত পদ	বর্তমান সংখ্যা	মূল বেতন	ভাতাদি	মোট বেতন ও ভাতাদি	কর্মী প্রতি গড় (টাকা)
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩
১. কর্মচারী (গ্রেড ১-৫)	৯৯	১০৮	১০৮	৯৯	১০৮	১০৮	৯৯	৯৯	৮০৪.৫২	৮১৮.৫১	১,৬২৩.০৩	১,৫০২,৮০৬
২. কর্মচারী (গ্রেড ৬-৯)	৫৪	৫৫	৫৫	৫৪	৫৫	৫৫	৫৪	৫৬	২৭১.৬৫	২৭৮.৪৫	৫৫০.১০	১,০০০,১৮২
৩. কর্মচারী (গ্রেড ১০)	১০০	১৮	১৮	১০০	১৮	১৮	১০০	১৫	৯০.১৯	৮৯.৭৯	১৭৯.৯৮	৯৯৯,৮৮৯
৪. উপ-মোট (১+২+৩)	২৫৩	১৮১	১৮১	২৫৩	১৮১	১৮১	২৫৩	১৭০	১,১৬৬.৩৬	১,১৮৬.৭৫	২,৩৫৩.১১	১,৩০০,০৬১
৫. কর্মচারী(গ্রেড ১১-২০)	৩৫৪	৭৬	৭৬	৩৫৪	৭৬	৭৬	৩৫৪	৮৭	২৪৫.৫৭	২৮০.৫০	৫২৬.০৭	৬৯২,১৯৭
৬. দক্ষ শ্রমিক	০	০	০	০	০	০	০	০	০.০০	০.০০	০.০০	০
৭. আধা-দক্ষ শ্রমিক	০	০	০	০	০	০	০	০	০.০০	০.০০	০.০০	০
৮. অদক্ষ শ্রমিক	০	০	০	০	০	০	০	০	০.০০	০.০০	০.০০	০
৯. অনিয়মিত শ্রমিক	০	০	০	০	০	০	০	০	০.০০	০.০০	০.০০	০
১০. উপ-মোট (৫+...+৮)	৩৫৪	৭৬	৭৬	৩৫৪	৭৬	৭৬	৩৫৪	৮৭	২৪৫.৫৭	২৮০.৫০	৫২৬.০৭	৬৯২,১৯৭
১১. মোট (৪+৯+১০)	৬০৭	২৫৭	২৫৭	৬০৭	২৫৭	২৫৭	৬০৭	২৫৭	১,৪১১.৯৩	১,৪৬৭.২৫	২,৮৭৯.১৮	১,১২০,৩০৪

বাংলাদেশ চিনি ও খাদ্যশিল্প কর্পোরেশন

প্রধান কার্যালয়

কর্মীর বিবরণ

বেতন ও ভাতাদি (লাখ টাকায়)											
সংশোধিত বাজেট ২০১৯-২০				অনুমোদিত বাজেট ২০১৯-২০				সাময়িক ২০১৮-১৯			
মূল বেতন	ভাতাদি	মোট বেতন ও ভাতাদি	কর্মী প্রতি গড় (টাকা)	মূল বেতন	ভাতাদি	মোট বেতন ও ভাতাদি	কর্মী প্রতি গড় (টাকা)	মূল বেতন	ভাতাদি	মোট বেতন ও ভাতাদি	কর্মী প্রতি গড় (টাকা)
১৪	**১৫**	**১৬**	**১৭**	**১৮**	**১৯**	**২০**	**২১**	**২২**	**২৩**	**২৪**	**২৫**
৭৬৬.২১	৮২৪.১৭	১,৫৯০.৩৮	১৪৭২৫৭৪	৭৯৬.৪৮	৭৮৩.০১	১,৫৭৯.৪৯	১৫৯৫৪৪৪	৭৮১.০৯	৭৬৯.৯৯	১,৫৫১.০৮	১৫৬৬৭৪৭
২৫৮.৭১	২৫৮.৮১	৫১৭.৫২	৯৪০৯৪৫	২৩৯.৩৯	২৬৬.১৭	৫০৫.৫৬	৯০২৭৮৬	২৩৬.৩২	২৪৭.৪৩	৪৮৩.৭৫	৮৬৩৮৩৯
৮৬.০১	৮৬.০১	১৭২.০২	৯৫৫৬৬৭	৩৩.২৫	৪৮.১৬	৮১.৪১	৫৪২৭৩৩	৩২.৭৭	৩৪.৭৫	৬৭.৫২	৪৫০১৩৩
১,১১০.৯৩	১,১৬৮.৯৯	২,২৭৯.৯২	১২৫৯৬২৪	১,০৬৯.১২	১,০৯৭.৩৪	২,১৬৬.৪৬	১২৭৪৩৮৮	১,০৫০.১৮	১,০৫২.১৭	২,১০২.৩৫	১২৩৬৬৭৬
২৩২.৪৪	২৩২.২২	৪৬৪.৬৬	৬১১৩৯৫	২০০.৮৭	২৫৬.২৫	৪৫৭.১২	৫২৫৪২৫	১৯২.৭৫	২৭৩.২৪	৪৬৫.৯৯	৫৩৫৬২১
০.০০	০.০০	০.০০	০	০.০০	০.০০	০.০০	০	০.০০	০.০০	০.০০	০
০.০০	০.০০	০.০০	০	০.০০	০.০০	০.০০	০	০.০০	০.০০	০.০০	০
০.০০	০.০০	০.০০	০	০.০০	০.০০	০.০০	০	০.০০	০.০০	০.০০	০
০.০০	০.০০	০.০০	০	০.০০	০.০০	০.০০	০	০.০০	০.০০	০.০০	০
২৩২.৪৪	২৩২.২২	৪৬৪.৬৬	৬১১৩৯৫	২০০.৮৭	২৫৬.২৫	৪৫৭.১২	৫২৫৪২৫	১৯২.৭৫	২৭৩.২৪	৪৬৫.৯৯	৫৩৫৬২১
১,৩৪৩.৩৭	১,৪০১.২১	২,৭৪৪.৫৮	১০৬৭৯৩০	১,২৬৯.৯৯	১,৩৫৩.৫৯	২,৬২৩.৫৮	১০২০৮৪৮	১,২৪২.৯৩	১,৩২৫.৪১	২,৫৬৮.৩৪	৯৯৯৩৫৪

বাংলাদেশ চিনি ও খাদ্যশিল্প কর্পোরেশন

প্রাক্কলিত পরিচালন বৃত্তান্ত ২০২০-২১

পণ্যের নাম : চিনি

বিবরণ	একক	বাজেট ২০২০-২১	সংশোধিত বাজেট ২০১৯-২০	অনুমোদিত বাজেট ২০১৯-২০	সাময়িক ২০১৮-১৯
পরিমাণ					
১. মোট আখ চাষের এলাকা	একর	১২৭৮৮০.০০	১১৭৩৯৫.৩৮	১১৮৭৯০.০০	১১৯২৫৭.৭১
২. আখের উৎপাদন	মে. টন	২৫৬৩৯৯৪.০০	২১৮৮২৪৯.৮৮	২২৫৩৪৪৬.৩০	২১৫১৪০৯.০৯
৩. - একর প্রতি উৎপাদন	মে.টন	২০.০৫	১৮.৬৪	১৮.৯৭	১৮.০৪
৪. মাড়াইয়ের জন্য মজুদ	%	৫৯.৯৯	৬৩.৯৮	৬৩.৮০	৫৪.৯৭
৫. মাড়াইকৃত ইক্ষু	মে. টন	১৫৩৮২৬৩.০১	১৪০০০৬৮.৭৫	১৪৩৭৬৫১.৩০	১১৮২৫৮৬.৬০
৬. চিনি আহরনের হার	%	৬.৫০	৫.৮৮	৭.০০	৫.৮৩
৭. চিনি উৎপাদন	মে. টন	১০০০০০.০০	৮২৩১৯.০০	১০০৬৬০.০০	৬৮৯৫২.১০
৮. বিক্রয়ের পরিমাণ	মে. টন	১০১৭২৫.০০	১০৮৩১৬.৬৮	১০০৬৬০.০০	৫৯৮০৬.৬৭
৯. খাদ্য মন্ত্রণালয়ে বিক্রয়	%	২৫.৭১	২২.৮৮	২৭.২০	৪০.৬৪
১০. উৎপাদনকারীদের নিকট বিক্রয়	%	৯.৫৯	৭.২১	৮.০০	০.০০
১১. শ্রমিকদের নিকট বিক্রয়	%	০.৬৯	০.৫৫	১.৮৯	০.৪৮
১২. খোলা বাজারে বিক্রয়	%	৬৪.০১	৬৯.৩৬	৬২.৯১	৫৮.৮৮
১৩. - ভর্তুকির হার	টাকা	০.০০	০.০০	০.০০	০.০০
১৪. খোলা বাজারে মণ প্রতি বিক্রয় মূল্য	টাকা	০.০০	০.০০	০.০০	০.০০
রাজস্ব					
১৫. বিক্রয় রাজস্ব (নীট)	লাখ টাকা	৬০৫৪৩.৭৭	৬১৮৫৭.৯৯	৫২৪২৫.৮৩	৩০৪৩৭.৮৫
১৬. - টনপ্রতি গড় বিক্রয় মূল্য	টাকা	৫৯৫১৭.১০	৫৭১০৮.৪৬	৫২০৮২.০৯	৫০৮৯৩.৭৪

বাংলাদেশ চিনি ও খাদ্যশিল্প কর্পোরেশন

প্রাক্কলিত পরিচালন বৃত্তান্ত ২০২০-২১

পণ্যের নাম : চিনি

বিবরণ	একক	বাজেট ২০২০-২১	সংশোধিত বাজেট ২০১৯-২০	অনুমোদিত বাজেট ২০১৯-২০	সাময়িক ২০১৮-১৯
ব্যয়					
১৭. ইক্ষু ক্রয়	লাখ টাকা	৫৬৩৬৭.৩৪	৫১৪৮৭.৫০	৫১৯৯৭.০৯	৪২৯৮৩.৫১
১৮. - টনপ্রতি ব্যয়	টাকা	৫৪৩০২.০৬	৬০১৬২.৯৮	৫০২৮৫.৮৪	৬০২২৩.৫৯
১৯. - টনপ্রতি পরিবহন ব্যয়	টাকা	২০৬৫.২৮	২৩৮৩.৩৪	১৩৭০.৩২	২১১৪.৬৩
২০. বিদুৎ ও জবালানি	লাখ টাকা	৩৪৭১.৩৫	৩০২৮.৪৩	৩২১২.৬৭	২৬৪৬.১২
২১. - টনপ্রতি ব্যয়	টাকা	৩৪৭১.৩৫	৩৬৭৮.৯০	৩১৯১.৬১	৩৮৩৭.৬২
২২. মেরামত ও রক্ষণাবেক্ষণ (তফসিল-'ছ')	লাখ টাকা	৩৭৪৫.২৫	৩৮৬২.৭৫	৩৭১৯.০৪	৪০৬৫.৩১
২৩. অন্যান্য উৎপাদন ব্যয় (তফসিল'ড')	লাখ টাকা	২১৯৬.৯৬	১৭৯৭.৮৯	২৪৪৯.৪৪	১৩৪০.৮২
২৪. মোট পরিবর্তনশীল ব্যয়	লাখ টাকা	৬৫৭৮০.৯০	৬০১৭৬.৫৭	৬১৩৭৮.২৪	৫১০৩৫.৭৬
২৫. - টনপ্রতি ব্যয়	টাকা	৬৫৭৮০.৯০	৭৩১০১.৬৮	৬০৯৭৫.৮০	৭৪০১৬.২৫
২৬. মজুরি ও বেতন	লাখ টাকা	৪৫৮২৫.৭১	৪৩২৯৮.০৯	৪৩৬৯২.৩১	৪১১৫১.৮০
২৭. - টনপ্রতি ব্যয়	টাকা	৪৫৮২৫.৭১	৫২৫৯৭.৯৩	৪৩৪০৫.৮৩	৫৯৬৮১.৭২
২৮. অবচয়	লাখ টাকা	০.০০	০.০০	০.০০	০.০০
২৯. প্রক্রিয়াধীন পণ্য বৃদ্ধি/(হ্রাস)	লাখ টাকা	০.০০	০.০০	০.০০	০.০০
৩০. মোট উৎপাদন ব্যয়	লাখ টাকা	১১১৬০৬.৬১	১০৩৪৭৪.৬৬	১০৫০৭০.৫৫	৯২১৮৭.৫৬
৩১. - টনপ্রতি ব্যয়	টাকা	১১১৬০৬.৬১	১২৫৬৯৯.৬১	১০৪৩৮১.৬৩	১৩৩৬৯৭.৯৭
৩২. মজুদ বৃদ্ধি/(হ্রাস)	লাখ টাকা	০.০০	১০৪১৯.৮২	০.০০	-২৩৭৫.৭৬
৩৩. বিক্রয় ও বিতরণ ব্যয়	লাখ টাকা	৩৭৯.০৯	৩৬২.০২	৩৩৬.৪১	৬৫০.৩৮
৩৪. প্রশাসনিক পরিব্যয় (তফসিল-জ)	লাখ টাকা	৬৭৭৯.২১	৬৮০৬.৯৩	৫০০০.১৮	৬৭৩৩.৬১
৩৫. সড়ক উনণয়ন ব্যয়	লাখ টাকা	০.০০	০.০০	০.০০	০.০০
৩৬. বিক্রিত দ্রব্যের ব্যয়	লাখ টাকা	১১৮৭৬৪.৯১	১২১০৬৩.৪৩	১১০৪০৭.১৪	৯৭১৯৫.৭৯
৩৭. - টনপ্রতি ব্যয়	টাকা	১১৬৭৫০.৯৬	১১১৭৬৮.০৪	১০৯৬৮৩.২৩	১৬২৫১৬.৬৪
৩৮. পরিচালনালব্দ মুনাফা/(লোকসান)	লাখ টাকা	-৫৮২২১.১৪	-৫৯২০৫.৪৪	-৫৭৯৮১.৩১	-৬৬৭৫৭.৯৪
৩৯. - টনপ্রতি মুনাফা/(লোকসান)	টাকা	-৫৭২৩৩.৮৬	-৫৪৬৫৯.৫৮	-৫৭৬০১.১৪	-১১১৬২২.৯০
৪০. অ-পরিচালন মুনাফা	লাখ টাকা	১০২৯১.৯২	৬৪৫৪.৩২	১১২২২.০৩	৮৫৯৮.১১
৪১. শ্রমিক মুনাফা তহবিলে দেয়	লাখ টাকা	০.০০	০.০০	০.০০	০.০০
৪২. সুদ ও করপূর্ব মুনাফা/(লোকসান)	লাখ টাকা	-৪৭৯২৯.২২	-৫২৭৫১.১২	-৪৬৭৫৯.২৮	-৫৮১৫৯.৮৩
৪৩. সুদ	লাখ টাকা	৬০৪৯৭.৫১	৫৬৭০৩.৭১	৫৭৯১৫.৯৬	৫০৭০৭.১৪
৪৪. করপূর্ব মুনাফা/(লোকসান)	লাখ টাকা	-১০৮৪২৬.৭৩	-১০৯৪৫৪.৮৩	-১০৪৬৭৫.২৪	-১০৮৮৬৬.৯৭
৪৫. আয়কর	লাখ টাকা	০.০০	০.০০	০.০০	০.০০
৪৬. নীট মুনাফা/(লোকসান)	লাখ টাকা	-১০৮৪২৬.৭৩	-১০৯৪৫৪.৮৩	-১০৪৬৭৫.২৪	-১০৮৮৬৬.৯৭

বাংলাদেশ চিনি ও খাদ্যশিল্প কর্পোরেশন
কেরু এন্ড কেম্পানী (বিডি)
প্রাক্কলিত পরিচালন বৃত্তান্ত ২০২০-২১

পণ্যের নাম : স্পিরিট ও মদ

বিবরণ	একক	বাজেট ২০২০-২১	সংশোধিত বাজেট ২০১৯-২০	অনুমোদিত বাজেট ২০১৯-২০	সাময়িক ২০১৮-১৯
পরিমাণ					
১. প্রারম্ভিক মজুদ	লাখ লিটার	০.০০	০.০০	০.০০	০.০০
২. উৎপাদন	লাখ লিটার	৬০.০০	৫৫.০০	৫০.০০	৪৮.৯১
৩. সমাপনী মজুদ	লাখ লিটার	০.০০	০.০০	০.০০	০.০০
৪. বিক্রয়	লাখ লিটার	৬০.০০	৫৫.০০	৫০.০০	৪৭.৭৩
রাজস্ব					
৫. প্রারম্ভিক মজুদ	লাখ টাকা	১০২৯.৫৯	১০২৯.৫৯	১০৫৬.৭৪	১০৫৬.৭৪
৬. সমাপনী মজুদ	লাখ টাকা	১০২৯.৫৯	১০২৯.৫৯	১০৫৬.৭৪	১০২৯.৫৯
৭. বিক্রয় রাজস্ব	লাখ টাকা	২০৮০১.৬১	১৯৪৬০.১৫	১৭৮৩৩.৭১	১৬৪৭৪.৫৬
৮. - একক প্রতি রাজস্ব	টাকা	৩৪৬.৬৯	৩৫৩.৮২	৩৫৬.৬৭	৩৪৫.১৬
ব্যয়					
৯. উপকরণ ব্যয়	লাখ টাকা	২৭৪২.৪৭	২৬১৯.৩৫	৩৩১৬.০০	২৬৯২.৬৬
১০. -একক প্রতি ব্যয়	টাকা	৪৫.৭১	৪৭.৬২	৬৬.৩২	৫৫.০৫
১১. প্রত্যক্ষ মজুরি	লাখ টাকা	১২৭২.৫০	১১৭১.৪০	১০৬১.৬২	১১২৪.২৩
১২. বিদুৎ ও জবালানি	লাখ টাকা	১০৩৫.৪৩	৯২২.৭৮	৯২৪.৬৯	৮৭৮.৮৪
১৩. -একক প্রতি ব্যয়	টাকা	১৭.২৬	১৬.৭৮	১৮.৪৯	১৭.৯৭
১৪. মেরামত ও রক্ষণাবেক্ষণ	লাখ টাকা	৯৮.০০	৯৯.১০	৯০.০০	১১০.৫৭
১৫. উৎপাদন পরিব্যয়	লাখ টাকা	১৮৫৪.৫৬	১৪৫২.২১	১০৬৪.৫৩	৮৪৫.১০
১৬. প্রক্রিয়াধীন পণ্য বৃদ্ধি/(হ্রাস)	লাখ টাকা	০.০০	০.০০	০.০০	০.০০
১৭. উৎপাদন ব্যয়	লাখ টাকা	৭০০২.৯৬	৬২৬৪.৮৪	৬৪৫৬.৮৪	৫৬৫১.৪০
১৮. -একক প্রতি ব্যয়	টাকা	১১৬.৭২	১১৩.৯১	১২৯.১৪	১১৫.৫৫
১৯. মজুদ বৃদ্ধি/(হ্রাস)	লাখ টাকা	০.০০	০.০০	০.০০	২৭.১৫
২০. বিক্রয় ও বিতরণ ব্যয়	লাখ টাকা	২৪.০০	২২.০০	২০.০০	১৩.৩৫
২১. প্রশাসনিক ব্যয়	লাখ টাকা	২২০৯.৭৫	২১৯৮.৪৫	১৬০৩.৯৫	২১৫৫.০১
২২. গবেষণা ও উন্নয়ণ ব্যয়	লাখ টাকা	০.০০	০.০০	০.০০	০.০০
২৩. বিক্রিত পণ্যের ব্যয়	লাখ টাকা	৯২৩৬.৭১	৮৪৮৫.২৯	৮০৮০.৭৯	৭৮৪৬.৯১
২৪. -একক প্রতি ব্যয়	টাকা	১৫৩.৯৫	১৫৪.২৮	১৬১.৬২	১৬৪.৪০
২৫. পরিচালন মুনাফা/(লোকসান)	লাখ টাকা	১১৫৬৪.৯০	১০৯৭৪.৮৬	৯৭৫২.৯২	৮৬২৭.৬৫
২৬. -একক প্রতি মুনাফা/(লোকসান)	টাকা	১৯২.৭৫	১৯৯.৫৪	১৯৫.০৬	১৮০.৭৬
২৭. অ-পরিচালন আয়	লাখ টাকা	৩০.০০	৩০.০০	২৫.০০	২৪.১২
২৮. শ্রমিক মুনাফা তহবিলে দেয়	লাখ টাকা	২৫৭.৩৬	২২৩.৪৪	১৩১.২০	৫৫.৪৭
২৯. সুদ ও করপূর্ব মুনাফা	লাখ টাকা	১১৩৩৭.৫৪	১০৭৮১.৪২	৯৬৪৬.৭২	৮৫৯৬.৩০
৩০. সুদ	লাখ টাকা	১৭৫.০০	১৭৫.০০	১৮০.০০	১৬২.০৮
৩১. করপূর্ব মুনাফা	লাখ টাকা	১১১৬২.৫৪	১০৬০৫.৪২	৯৪৬৬.৭২	৮৪৩৪.২২
৩২. আয় কর	লাখ টাকা	০.০০	০.০০	০.০০	০.০০
৩৩. নীট মুনাফা	লাখ টাকা	১১১৬২.৫৪	১০৬০৫.৪২	৯৪৬৬.৭২	৮৪৩৪.২২

বাংলাদেশ চিনি ও খাদ্যশিল্প কর্পোরেশন

অন্যান্য

প্রাক্কলিত পরিচালন বৃত্তান্ত ২০২০-২১

পণ্যের নাম : অন্যান্য

বিবরণ	একক	বাজেট ২০২০-২১	সংশোধিত বাজেট ২০১৯-২০	অনুমোদিত বাজেট ২০১৯-২০	সাময়িক ২০১৮-১৯
পরিমাণ					
১. প্রারম্ভিক মজুদ	লাখ লিটার	০.০০	০.০০	০.০০	০.০০
২. উৎপাদন	লাখ লিটার	০.০০	০.০০	০.০০	০.০০
৩. সমাপনী মজুদ	লাখ লিটার	০.০০	০.০০	০.০০	০.০০
৪. বিক্রয়	লাখ লিটার	০.০০	০.০০	০.০০	০.০০
রাজস্ব					
৫. প্রারম্ভিক মজুদ	লাখ টাকা	৭৪৭.৪৪	৭৪৭.৪৪	৬২২.৫৪	৬২২.৫৪
৬. সমাপনী মজুদ	লাখ টাকা	৭৪৭.৪৪	৭৪৭.৪৪	৬২২.৫৪	৭৪৭.৪৪
৭. বিক্রয় রাজস্ব	লাখ টাকা	২৩২৭.৫০	২০৯৭.৬৮	২৪০৪.০৩	১৪০৭.৩৯
৮. - একক প্রতি রাজস্ব	টাকা	০	০	০	০
ব্যয়					
৯. উপকরণ ব্যয়	লাখ টাকা	৯৯৭.৮৬	৮১৪.৪৭	৮৭৩.১২	৩৮২.০১
১০. -একক প্রতি ব্যয়	টাকা	০	০	০	০
১১. প্রত্যক্ষ মজুরি	লাখ টাকা	৬৯৫.১৩	৬৭১.৩৭	৭৪৭.৭৬	৬৪১.৫২
১২. বিদুৎ ও জবালানি	লাখ টাকা	৫৫.৫০	৫৪.৫০	৫৯.২৫	৪৯.৪২
১৩. -একক প্রতি ব্যয়	টাকা	০	০	০	০
১৪. মেরামত ও রক্ষণাবেক্ষণ	লাখ টাকা	৪০.৫০	৪২.৫০	৩৯.০০	৪২.৯১
১৫. উৎপাদন পরিব্যয়	লাখ টাকা	২৭৪.২৭	২৬২.১৭	৩৫১.৯০	২০২.৯৯
১৬. প্রক্রিয়াধীন পণ্য বৃদ্ধি/(হ্রাস)	লাখ টাকা	০.০০	০.০০	০.০০	০.০০
১৭. উৎপাদন ব্যয়	লাখ টাকা	২০৬৩.২৬	১৮৪৫.০১	২০৭১.০৩	১৩১৮.৮৫
১৮. -একক প্রতি ব্যয়	টাকা	০	০	০	০
১৯. মজুদ বৃদ্ধি/(হ্রাস)	লাখ টাকা	০.০০	০.০০	০.০০	-১২৪.৯০
২০. বিক্রয় ও বিতরণ ব্যয়	লাখ টাকা	৯.০০	৯.০০	৯.০০	৫.৪৮
২১. প্রশাসনিক ব্যয়	লাখ টাকা	১৩৩.৪১	১৩৩.৩৩	১৪৬.০৬	১০৯.২৭
২২. গবেষণা ও উন্নয়ণ ব্যয়	লাখ টাকা	০.০০	০.০০	০.০০	০.০০
২৩. বিক্রিত পণ্যের ব্যয়	লাখ টাকা	২২০৫.৬৭	১৯৮৭.৩৪	২২২৬.০৯	১৩০৮.৭০
২৪. -একক প্রতি ব্যয়	টাকা	০	০	০	০
২৫. পরিচালন মুনাফা/(লোকসান)	লাখ টাকা	১২১.৮৩	১১০.৩৪	১৭৭.৯৪	৯৮.৬৯
২৬. -একক প্রতি মুনাফা/(লোকসান)	টাকা	০	০	০	০
২৭. অ-পরিচালন আয়	লাখ টাকা	৯৫.০০	৪৯.০০	১৩৬.৬৯	২৬.৭৫
২৮. শ্রমিক মুনাফা তহবিলে দেয়	লাখ টাকা	৩৬.৫৯	৩২.৬২	৭৭.৬৯	৩৩.৭১
২৯. সুদ ও করপূর্ব মুনাফা	লাখ টাকা	১৮০.২৪	১২৬.৭২	২৩৬.৯৪	৯১.৭৩
৩০. সুদ	লাখ টাকা	১১.৪৬	১১.৪৬	১১.৪৬	১১.৪২
৩১. করপূর্ব মুনাফা	লাখ টাকা	১৬৮.৭৮	১১৫.২৬	২২৫.৪৮	৮০.৩১
৩২. আয় কর	লাখ টাকা	০.০০	০.০০	০.০০	০.০০
৩৩. নীট মুনাফা	লাখ টাকা	১৬৮.৭৮	১১৫.২৬	২২৫.৪৮	৮০.৩১

বাংলাদেশ চিনি ও খাদ্যশিল্প কর্পোরেশন

প্রতিষ্ঠানসমূহ

প্রাক্কলিত মুনাফা ও তহবিল প্রবাহ ২০২০-২১ **(লাখ টাকায়)**

বিবরণ	বাজেট ২০২০-২১	সংশোধিত বাজেট ২০১৯-২০	অনুমোদিত বাজেট ২০১৯-২০	সাময়িক ২০১৮-১৯
আর্থিক মুনাফা				
১. পরিচালনালব্ধ মুনাফা	-৫৩,৯৬৮.৪১	-৫৫,৫৫৪.২৪	-৪৮,০৫০.৪৫	-৬৪,২৬২.৫২
২. অ-পরিচালন আয় (নীট)	১০,৪১৬.৯২	৬,৫৩৩.৩২	১১,৩৮৩.৭২	৮,৬৪৮.৯৮
৩. শ্রমিক অংশীদারিত্ব তহবিলে দেয়	২৯৩.৯৫	২৫৬.০৬	২০৮.৮৯	৮৯.১৮
৪. সুদ ও করপূর্ব মুনাফা	-৪৩,৮৪৫.৪৪	-৪৯,২৭৬.৯৮	-৩৬,৮৭৫.৬২	-৫৫,৭০২.৭২
৫. মোট সম্পদের উপর মুনাফা %	-১৯.৮৯	-৩৩.৪১	-১১.০৫	-৪২.২৮
৬. সুদ	৬০,৬৮৩.৯৭	৫৬,৮৯০.১৭	৫৮,১০৭.৪২	৫০,৮৮০.৬৪
৭. করপূর্ব মুনাফা/(লোকসান)	-১০৪,৫২৯.৪১	-১০৬,১৬৭.১৫	-৯৪,৯৮৩.০৪	-১০৬,৫৮৩.৩৬
৮. কর	০.০০	০.০০	০.০০	০.০০
৯. নীট মুনাফা/(লোকসান)	-১০৪,৫২৯.৪১	-১০৬,১৬৭.১৫	-৯৪,৯৮৩.০৪	-১০৬,৫৮৩.৩৬
১০. সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ	০.০০	০.০০	০.০০	০.০০
১১. সম-মূলধনের উপর লভ্যাংশ হার %	০.০০	০.০০	০.০০	০.০০
১২. নিজস্ব অর্থ যোগান অনুপাত	১.০০	১.০০	০.৫৫	১.০০
তহবিলের উৎস				
১৩. করপূর্ব মুনাফা/(লোকসান)	-১০৪,৫২৯.৪১	-১০৬,১৬৭.১৫	-৯৪,৯৮৩.০৪	-১০৬,৫৮৩.৩৬
১৪. অবচয় ও অন্যান্য	২,১৮৪.০০	২,১২৯.০০	১,৯৬৬.০০	১,৮৫১.৫২
১৫. সরাসরি পরিচালন হইতে নগদ প্রাহ	-১০২,৩৪৫.৪১	-১০৪,০৩৮.১৫	-৯৩,০১৭.০৪	-১০৪,৭৩১.৮৪
১৬. মূলধন প্রাপ্তি	০.০০	০.০০	০.০০	০.০০
১৭. দীর্ঘমেয়াদি ঋণ প্রাপ্তি	০.০০	০.০০	০.০০	০.০০
১৮. পরিচালনার স্থাবর সম্পত্তি বিক্রয়	০.০০	০.০০	০.০০	০.০০
